

# 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৪

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ আমরা পূর্বের দুটো হাদীস ব্যাখ্যা করেছি যে, যাদের থেকে কলম উঠিয়ে নেওয়া হয়েছে বস্তুত তাদের পাপ লিখনের কলম উঠিয়ে নেওয়া হয়েছে: সাওয়াব লিখনের কলম নয়- এর প্রমাণে হাদীস

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى صِحَّةِ مَا تَأُوَّلْنَا الْخَبَرَيْنِ الْأُوَّلَيْنِ اللَّذَيْنِ ذَكَرْنَاهُمَا بِأَنَّ الْقَلَمَ رُفِعَ عَنِ الْأَقْوَامِ الَّذِينَ ذَكَرْنَاهُمْ فِي كِتْبَةِ الشَّرِّ عَلَيْهِمْ دُونَ كِتْبَةِ الْخَيْرِ لَهُمْ

### আরবী

أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدِ الْهَمْدَانِيُّ حَدَّثَنَا عَبْدُ الْجَبَّارِ بْنُ الْعَلَاءِ حَدَّثَنَا سُفْيَانُ قَالَ سَمِعْتُ كُرَيْبًا يُخْبِرُ عَنِ ابْنِ عَبَّاسٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ مِنْ إِبْرَاهِيمَ بْنِ عُقْبَةَ قَالَ سَمِعْتُ كُرَيْبًا يُخْبِرُ عَنِ ابْنِ عَبَّاسٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ صَدَرَ مِنْ مَكَّةَ فَلَمَّا كَانَ بِالرَّوْحَاءِ اسْتَقْبَلَهُ رَكْبٌ فَسَلَّمَ عَلَيْهِمْ فَقَالَ: "مَنِ الْقَوْمُ؟ " قَالُوا: الْمُسْلِمُونَ "فَمَنْ أَنْتُمْ؟ " قَالَ: "رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ" فَفَرْعَتِ امْرَأَةٌ وَالُوا: الْمُسْلِمُونَ "فَمَنْ أَنْتُمْ؟ " قَالَ: "رَسُولُ اللَّهِ صَلَيّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ" فَفَرْعِتِ امْرَأَةٌ مِنْهُمْ فَرَفَعَتْ صَبَيِيًّا لَهَا مِنْ مِحَقَّةٍ وَأَخَذَتْ بِعَضَلَتِهِ فقالت: يا رسول هَلْ لِهَذَا حَجُّ؟ قَالَ: "نَعُمْ وَلَكَ أَجْرُ"

الراوي: ابن عَبَّاسٍ المحدث: شعيب الأرنؤوط المصدر: صحيح ابن حبان الصفحة أو الرقم: 144 اخلاصة حكم المحدث: إسناده صحيح على شرط مسلم.

#### বাংলা

১৪৪. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম (বিদায় হজ্জের পর মদীনার উদ্দেশ্যে) মক্কা থেকে বের হলেন। অতঃপর যখন তিনি রাওহা নামক জায়গায় পৌঁছলেন তখন একদল আরোহী ব্যক্তির সাথে তার সাক্ষাৎ হয়। এসময় তিনি তাদেরকে সালাম দেন এবং জিজ্ঞেস করেন: আপনারা কারা? তাঁরা জবাব দেন: আমরা মুসলিম। আপনারা কারা? জবাবে বলেন: আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম। এসময় তাদের এক নারী তড়িঘড়ি করে তার হাওদা থেকে তার বাচ্চাকে বাহু ধরে উঁচু করে জিজ্ঞেস করলেন: হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, এই বাচ্চার হজ্জ হয়েছে কী? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম জবাবে বললেন: হ্যা, হয়েছে। আর তোমার জন্যও এর সাওয়াবের একটা অংশ রয়েছে।"[1]



## قَالَ إِبْرَاهِيمُ: فحدثتُ بِهَذَا الْحَديثِ ابْنَ الْمُنْكَدِرِ فَحَجَّ بأهله أجمعين

রাবী ইবরাহিম রহিমাহুল্লাহ বলেন: 'আমি হাদীসটি ইবনুল মুনকাদির রহিমাহুল্লাহকে বর্ণনা করলে তিনি পরিবারের সবাইকে নিয়ে হুজ করেন।"

### ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১৩৩৬; আবু দাউদ: ১৭৩৬; মুসনাদ আহমাদ: ১/২১৯; নাসাঈ: ৫/১২০; বাইহাকী: ৫/১৫৫; বাগাবী: ১৮৫২; মুয়াত্তা ইমাম মালিক: ১/৩৬৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১৫২৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন